# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 02-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ মহাত্মা গান্ধীর ১৫৪ তম জন্ম জয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন ।

২) আসাম একশ শতাংশ প্রকাশ্যে মলত্যাগের অভ্যাস ও আবর্জনামুক্ত রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

৩) গৌহাটীর শরণীয়া পাহাড়ের গান্ধী মন্ডপে আসাম মন্ত্রী সভার বৈঠক আরম্ভ ।

এবং

৪) রাজ্যের বিভিন্ন প্রান্তে মেরি মাটী মেরা দেশ কার্যসূচীর অংশ হিসেবে অমৃত কলশ যাত্রা অভিযানের দ্বিতীয় পর্যায়ের কার্যসূচী আরম্ভ ।

---

সমগ্র দেশে আজ জাতির পিতা মহাত্মা গান্ধীর জন্ম দিবস গান্ধী জয়ন্তী বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালিত হয়েছে । বিভিন্ন দেশে থাকা ভারতীয় কার্যালয়গুলিতেও গান্ধী জয়ন্তী উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয় । দিল্লীর সমাধি ক্ষেত্র রাজঘাটে আজ সকালে সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয় । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজঘাটে মহাত্মা গান্ধীর স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

এদিকে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর জন্ম জয়ন্তীতে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয় । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজয়ঘাটে আজ প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে আমাদের ইতিহাসের অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে প্রদান করা নেতৃত্বের জন্য শাস্ত্রীজীকে সর্বদা স্মরণ করা হবে ।
অরুনাচল প্রদেশে আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে গান্ধী জয়ন্তী উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে অরুণাচল প্রদেশের নগর উন্নয়ন ও গৃহনির্মাণ মন্ত্রী কামলুং মোসাঙ্গ ইটানগরের গান্ধী উদ্যান থেকে আবর্জনা মুক্ত ভারত শীর্ষক সাইকেল র‍্যালী অনুষ্ঠিত হয় ।

---

রাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় জাতীর জনক মহাত্মা গান্ধীর জন্ম দিবস আন্তর্জাতিক অহিংস দিবস পালন করা হয় ।এ উপলক্ষে আজ কামরূপ জেলা প্রশাসন এবং গৌহাটী মহানগর উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে শরনীয়া পাহারের গান্ধী মন্ডপে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে মহাত্মাগান্ধীর প্রতিমূর্তীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন ।এরপর এক সর্বধর্ম প্রার্থনাসভারও আয়োজন করা হয় । অনুষ্ঠানে ভাষণ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে মানব জীবনের শ্রেষ্ঠ বাণী নিজের জীবনে প্রয়োগ করে মহাত্মা গান্ধী যে আদর্শ স্থাপন করেছেন তা বিশ্ববাসীর কাছে প্রেরণার উৎস্য । এদিকে এর পূর্বে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা চানমারীর আসাম খাদি এবং গ্রামোদ্যোগ পর্ষদের কার্যালয়ে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানেও অংশগ্রহণ করেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে গান্ধীজীর সত্য ও অহিংসার পথে আসামকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হবে বলে আশা প্রকাশ করেন ।উভয় অনুষ্ঠানে সাংসদ কুইন ওজা , মন্ত্রী উর্খাও গৌড়া ব্রহ্ম , খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদের অধ্যক্ষ কমলা কলিতা প্রমুখ উপস্থিত ছিলেন ।
বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় গান্ধী জয়ন্তী পালন করা হয়েছে।

---

কাছাড় নেহরু যুব কেন্দ্র সংগঠনের পরিচালনায় এবং মণিয়ারখালের বাণীশক্তি ক্লাবের সহযোগীতায় আজ মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে যথাযোগ্য মর্য্যাদায় গান্ধী জয়ন্তী পালন করা হয়েছে । সকালে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । পরে মণিয়ারখাল চা বাগান মডেল স্কুলের শিক্ষক কৈলাশ হাজাম মহাত্মা গান্ধীর জীবন , কর্ম , আর্দশ ও অহিংস আন্দোলন নিয়ে আলোচনা করেছেন । এছাড়াও সভায় বিভিন্ন বক্তা মহাত্মা গান্ধীর জীবন আদর্শ নিয়ে বক্তব্য রাখেন ।

---

গান্ধী জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে আজ মিজোরাম আইজলের রাজভবনে তিন দিন ব্যাপী প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । প্রদর্শনীর উদ্বোধন করে মিজোরামের রাজ্যপাল ডঃ হরিবাবু কামভামপতি মহাত্মা গান্ধীর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন ।ভাষণ প্রসঙ্গে তিনি বলেন যে গান্ধীজীর আদর্শে স্থানীয় সামগ্রী এবং শিল্পকলাকে তুলে ধরার উদ্দেশ্যে এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।

---

ডিমাহাসাও জেলায় বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে গান্ধী জয়ন্তী পালন করা হয়েছে ।জেলার বিভিন্ন প্রান্তে গান্ধীজীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করতে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় ।জেলা সদর হাফলংয়ে গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পন করা হয় ।

---

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড.জীতেন্দ্র সিং বলেছেন যে আগামী দিনে স্টাফ সিলেকশন কমিশন ,এস এস সি ২২ টি ভারতীয় ভাষায় প্রতিযোগীতামূলক পরীক্ষার আয়োজন করবে । তিনি বলেন যে প্রতিযোগীতামূলক পরীক্ষার প্রার্থীদের সুবিধার জন্য সরকার একটি ভাষা নিরপেক্ষ ব্যাবস্থার পোষকতা করেছে । নতুনদিল্লীতে অনুষ্ঠিত ভারতীয় ভাষা সম্মেলনে ভাষণ প্রসঙ্গে গতকাল ড.সিং বলেন যে এবছর থেকে এস এস সি পরীক্ষাগুলি  হিন্দী ও ইংরাজী ছাড়া ১১টি আঞ্চলিক ভাষায় অনুষ্ঠিত হয়েছে

। মন্ত্রী আরো জানান যে জে ই ই ,নীট এবং ইউ জি সি পরীক্ষাগুলিও ১২ টি ভারতীয় ভাষায় অনুষ্ঠিত হয়েছে । এই ঐতিহাসিক সিদ্ধান্ত এধরণের পরীক্ষায় স্থানীয় যুবক যুবতীদের অংশগ্রহণ বৃদ্ধি করা সহ আঞ্চলিক ভাষাগুলির ব্যাবহারে উৎসাহিত করবে বলে তিনি উল্লেখ করেন । ড.সিং বলেন যে বিগত ৯ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় আঞ্চলিক ভাষাগুলি উল্লেখযোগ্য প্রগতির দিকে এগিয়ে চলেছে ।

-----------------------------------------------------------------------

আসাম ১০০ শতাংশ প্রকাশ্যে মল ত্যাগের অভ্যাস মুক্ত এবং আবর্জনামুক্ত উচ্চাকাঙ্খী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান । আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী একথা প্রকাশ করেন ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বের ফলে আসাম স্বচ্ছতা ক্ষেত্রে নতুন শীখর স্পর্শ করতে সমর্থ হয়েছে ।মুখ্যমন্ত্রী এই সাফল্যের জন্য সবকটি জেলাকে অভিনন্দন জানান । নিরলস প্রয়াসের ফলে আসামের ২৫ হাজার ৪৩৭ টি গ্রাম প্রকাশ্যে মলত্যাগের অভ্যাসমুক্ত এবং আবর্জনামুক্ত হিসেবে উচ্চাকাঙ্খী শাখায় অর্ন্তভুক্ত হয়েছে ।

-----------------------------------------------------------------------

গৌহাটীর শরনীয়া পাহারের গান্ধী মন্ডপে আজ সন্ধ্যা ৬ টায় রাজ্য কেবিনেট বৈঠক আরম্ভ হয়েছে ।এই বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হবে । বৈঠকের পর সরকারের পক্ষ থেকে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে বৈঠকের সিদ্ধান্তগুলো প্রকাশ করা হবে ।

-----------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন প্রান্তে মেরি মাটী মেরা দেশ কার্যসূচীর অংশ হিসেবে অমৃত কলশ যাত্রা অভিযানের দ্বিতীয় পর্যায়ের কার্যসূচী আরম্ভ হয়েছে । এই কার্যসূচীতে বিভিন্ন স্থান থেকে সংগ্রহ করা মাটীর কলশগুলি পঞ্চায়েত কার্যালয়ে অর্পণ করার প্রক্রিয়া আরম্ভ হয়েছে ।মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যে চলতি অমৃত কলশ যাত্রা সম্পর্কে গুরুত্বপূর্ন ঘোষনা করেন । তিনি বলেন যে আজকের দিনে আসামের গ্রামগুলি থেকে অমৃত কলশে সংগ্রহ করা পবিত্র মাটী পঞ্চায়েতের কার্যালয়গুলিতে নিয়ে আসা হয়েছে । একইভাবে ৮

থেকে ২৫ অক্টোবর এই মাটী খন্ড কার্যালয়ে ,২৬ শে অক্টোবর গৌহাটীতে এবং ২৭ শে অক্টোবর নতুনদিল্লীতে প্রেরণ করা হবে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার প্রতিটি ঘর থেকে সংগ্রহ করা এক মুঠো মাটি বা এক মুঠো অন্ন ভর্তি কলসগুলি জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েত কার্য্যলয় ও লালা পৌরসভার ক্ষেত্রে লালা চক্র আধিকারীকের কার্য্যলয়ে জমা রাখা শুরু হয়েছে । পাশাপাশি হাইলাকান্দি পৌরসভার অমৃত কলশগুলি হাইলাকান্দি শহরের জলসেচ বিভাগের কার্য্যবাহী আধিকারীকের কার্য্যলয় এবং জেলা গ্রন্থাগার ভবনে রাখা হচ্ছে । আগামী ৮ই অক্টোবর এই অমৃত কলসগুলি সংশ্লিষ্ট উন্নয়ন খন্ডে নিয়ে যাওয়া হবে ।

-----------------------------------------------------------------------------------

স্বচ্ছতা এবং সরকারী কার্য্যলয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা নিয়ে আজ থেকে বিশেষ স্বচ্ছতা অভিযানএর তৃতীয় পর্যায় শুরু হয়েছে । মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আজ থেকে শুরু হওয়া এই অভিযান আগামী ৩১শে অক্টোবর পর্য্যন্ত চলবে । এই বিশেষ অভিযান গত দু বছর পূর্বে শুরু হয়েছে । কেন্দ্রীয় কর্মচারী , গণ অভিযোগ এবং পেনশন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে গত দু বছরে সরকারী কার্য্যলয়ের ৯০ লক্ষ স্কোয়ার ফিট জায়গা খালি করা হয়েছে । এছাড়াও সরকারী কার্য্যলয় থেকে বর্জ্য নিষ্কাশন করে ৩৭০ কোটী টাকা রাজস্ব সংগ্রহ হয়েছে ও চার লক্ষ ৫৬ হাজার গন অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ের সভাকক্ষে আজ এক বিশেষ গ্রাম সভা অনুষ্ঠিত হয়েছে । গ্রাম পঞ্চায়েত সভাপতি পরেশ তাঁতির পৌরহিত্যে আয়োজিত সভায় পঞ্চায়েত সচিব আশিষ পাল গ্রাম সভার উদ্দেশ্যে ব্যাখ্যা করেন । এরপর সভায় অমৃত কলশ যাত্রা , আয়ুষ্মান ভব , খেল মহারণ ও সাংস্কৃতিক মহাসংগ্রাম নিয়ে আলোচনা করা হয় ।

-----------------------------------------------------------------------------------